২৪ অক্টোবর, ২০২৫

# শনিবার ঢাকাসহ বিভাগীয় শহরে জামায়াতের বিক্ষোভ কর্মসূচি

সংগৃহীত ছবি

পাঁচ দফা দাবিকে কেন্দ্র করে আগামী শনিবার (২৫ অক্টোবর) ঢাকাসহ দেশের সব বিভাগীয় শহরে বিক্ষোভ সমাবেশের ঘোষণা দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। পূর্বনির্ধারিত এই কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য দলটির সব স্তরের নেতা-কর্মীদের সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন জামায়াতের সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

বৃহস্পতিবার (২৩ অক্টোবর) এক বিবৃতিতে তিনি জানান, বাংলাদেশকে একটি ন্যায়ভিত্তিক, জবাবদিহিমূলক ও গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে আন্দোলনরত আটটি রাজনৈতিক দলের পক্ষ থেকে গত ১৯ অক্টোবর জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এই পাঁচ দফা গণদাবি জাতির সামনে উপস্থাপন করা হয়। একই সঙ্গে ঘোষিত হয় তিন দিনের চতুর্থ পর্বের আন্দোলনসূচি।

দলটির ফেসবুক পেজেও এই দাবিগুলো তুলে ধরা হয়েছে। পাঁচ দফা দাবিগুলো হলো—

১. জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সাংবিধানিক আদেশ জারি এবং নভেম্বরের মধ্যেই তার ওপর গণভোটের আয়োজন।
২. আসন্ন জাতীয় নির্বাচনে উভয় কক্ষে বা উচ্চ কক্ষে আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতি চালুর দাবি।
৩. অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে সবার জন্য সমান সুযোগ বা লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি।
৪. বর্তমান সরকারের জুলুম-নির্যাতন, গণহত্যা ও দুর্নীতির বিচার দৃশ্যমান করা।
৫. স্বৈরাচারের সহযোগী জাতীয় পার্টি ও ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা।

এই দাবিগুলো বাস্তবায়নের লক্ষ্যে ঘোষিত শনিবারের বিক্ষোভ কর্মসূচি ঘিরে দলীয় নেতাকর্মীদের মধ্যে ইতোমধ্যেই প্রস্তুতি শুরু হয়েছে।

LENS ASIA